অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/28/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল আধুনিক ভবন প্রযুক্তির জন্য নেক্সট জেনারেশন ভবন উদ্ভাবন চ্যালেঞ্জের জন্য 18 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করলেন

রাউন্ড সাতে থাকবে বুদ্ধিমান ভবন নিয়ন্ত্রণ প্রযুক্তির নতুন চ্যালেঞ্জ ক্ষেত্র যা শক্তি সম্পদ এবং বৈদ্যুতিক লোড ব্যবস্থাপনা করবে

নিউ ইয়র্কের দেশসেরা জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইনের 2050 সালের মধ্যে 85 শতাংশ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করার লক্ষ্যকে অগ্রসর করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে পরিচ্ছন্ন হিটিং, ভেন্টিলেশন, এবং এয়ার কন্ডিশনিং ব্যবস্থা, ভবনের এনভেলপ এবং নিয়ন্ত্রণের জন্য ভবন প্রযুক্তিকে অগ্রসর করবে এমন প্রকল্পের জন্য নেক্সট জেনারেশন ভবন উদ্ভাবন চ্যালেঞ্জের (Next Generation Buildings Innovation Challenges) জন্য 18 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য করা হয়েছে। রাউন্ড সাতে থাকবে বুদ্ধিমান ভবন নিয়ন্ত্রণ সমাধান অগ্রসর করার জন্য একটি নতুন চ্যালেঞ্জ ক্ষেত্র, যেখানে থাকবে এমন প্রযুক্তির বিকাশ ও বাণিজ্যিকীকরণ যা শক্তি সম্পদ এবং বৈদ্যুতিক লোড ব্যবস্থাপনা করে যা ডিকার্বোনাইজেশন এবং বৈদ্যুতিকরণকে আরো অগ্রসর করা সম্ভব করবে। ঘোষণাটি দেশসেরা জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইনের (Climate Leadership and Community Protection Act, CLCPA) 2050 সালের মধ্যে 85 শতাংশ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করার লক্ষ্যকে সমর্থন করে।

"ভবনগুলি স্টেটের গ্রিনহাউজ গ্যাস নিঃসরণের প্রধান উৎসগুলির একটি, তাই আমাদের জলবায়ু লক্ষ্য অর্জন করতে এবং আমাদের কার্বন পদচিহ্ন হ্রাস করতে এই খাতের দিকে নজর দেওয়া অপরিহার্য," **গভর্নর হোকল বলেন।** জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াই চালিয়ে যাওয়ার সময় ডিকার্বোনাইজ করা এবং আমাদের অর্থনীতির বৈদ্যুতিকরণ করার জন্য বাস্তব সমাধান সনাক্ত ও বিস্তার করার জন্য আমরা যে বহু ব্যবস্থা গ্রহণ করছি তার একটি হলো নেক্সটজেন ভবন উদ্ভাবন চ্যালেঞ্জ।"

নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষ (New York State Energy Research and Development Authority, NYSERDA) পরিচালিত নেক্সটজেন ভবন উদ্ভাবন চ্যালেঞ্জ এমন কোম্পানির জন্য সমর্থন প্রদান করে যারা ভবনের পারফর্ম্যান্স এবং শক্তি দক্ষতা বলীয়ান করবে এবং গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করবে এমন নতুন প্রযুক্তির বিকাশ, বাণিজ্যিকীকরণ, এবং

প্রদর্শন করছে। এই কর্মসূচিটি উদ্ভাবনী প্রযুক্তি সমর্থন করে যার মধ্যে রয়েছে ভূমির উৎসের হিট পাম্প, অত্যাধুনিক জিওথার্মাল প্রযুক্তি, এবং নোভেল ভবন এনভেলপ সমাধান এবং এর পাশাপাশি বুদ্ধিমান ভবন নিয়ন্ত্রণ সমাধানের নতুন ফোকাস এরিয়া।

নিউ ইয়র্ক স্টেটের শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "নেক্সট জেন ভবন উদ্ভাবন চ্যালেঞ্জের মাধ্যমে আমরা নতুন পরিচ্ছন্ন প্রযুক্তির পণ্যকে বাজারে প্রবেশ করতে সাহায্য করছি যা ভবনের ডিকার্বোনাইজেশন, বৈদ্যুতিকরণ, এবং বাসিন্দাদের প্রতি সংবেদনশীলতা অগ্রসর করে। বিদ্যমান এবং ভবিষ্যৎ ভবনের জীবনকালের কথা বিবেচনা করে, আমাদের ভবনগুলিকে হালনাগাদ করার জন্য এখন করা বিনিয়োগ নিউ ইয়র্কবাসী এবং তার বাইরেও অনেক প্রজন্ম ধরে সেবাদান করবে, এবং আমাদের কর্মসূচির মূল উদ্দেশ্য হলো নিম্ন ও মাঝারি আয়ের বাসিন্দারা যাতে এইসব বিনিয়োগ থেকে সরাসরি লাভবান হতে পারে তা নিশ্চিত করা।"

স্টেটের সিনেটর কেভিন পার্কার বলেন, "আমরা জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে চ্যালেঞ্জে লড়াই চালিয়ে যাচ্ছি, তাই আমাদের এমন সমাধান বিকাশ করা প্রয়োজন যা আমাদের ভবন খাতকে সামনের দিনের জন্য ডিকার্বোনাইজ করতে সাহায্য করবে। নিউ ইয়র্কবাসীকে, বিশেষ করে সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহের বাসিন্দাদের জন্য লাভজনক হবে এমন নেক্সটজেন ভবন প্রযুক্তির বিকাশের উদ্ভাবনী উপায় প্রদানে অধ্যবসায়ের সাথে কাজ করার জন্য আমি NYSERDA এর প্রশংসা করছি।"

অ্যাসেম্বলি সদস্য ডিডি ব্যারেট বলেন, "নিউ ইয়র্ক স্টেটের CLCPA লক্ষ্য অর্জনের জন্য ভবন ডিকার্বোনাইজ করা অতি গুরুত্বপূর্ণ, যেহেতু স্টেটের মোট নিঃসরণের 40 শতাংশ ভবন থেকে আসে," বলেন, শক্তি কমিটির প্রধান অ্যাসেম্বলি সদস্য ডিডি ব্যারেট। "বুদ্ধিমান ভবন নিয়ন্ত্রণ সমাধান এবং শক্তি ও বৈদ্যুতিক লোড ব্যবস্থাপনা অগ্রসর করার জন্য নতুন আর্থিক প্রণোদনা তৈরি করা হলে তা আরো ডিকার্বোনাইজেশন সম্ভব করবে, এবং নেক্সটজেন ভবন উদ্ভাবন চ্যালেঞ্জ ঠিক তাই করছে। এই কর্মসূচিতে গভর্নরের অব্যাহত সমর্থনের জন্য আমি কৃতজ্ঞ।"

সর্বশেষ রাউন্ড যেসব ক্ষেত্রে প্রাধান্য দিবে তার মধ্যে রয়েছে:

- **ভবন এনভেলপ ব্যবস্থা এবং উপাদান** – একক পরিবার এবং বহু পরিবারের ভবনের জন্য সমাধান যা উল্লেখযোগ্য ভাবে হিটিং ও কুলিং ব্যয় হ্রাস করবে, আরাম বৃদ্ধি করবে এবং নতুন উপাদান ও নির্মাণ প্রযুক্তির সূচনা করার মাধ্যমে ফ্যাসেড আধুনিকায়িত করবে।
- **ভূমির উৎসের হিট পাম্প ব্যয় সংকোচন** – আবাসিক ও বাণিজ্যিক ভবনের জন্য সমাধান যা নতুন হিট পাম্প সরঞ্জাম, ভূমিতে লুপ প্রযুক্তি, এবং হাইব্রিড ব্যবস্থার মাধ্যমে সিস্টেম ইনস্টলেশন ব্যয় 20 শতাংশ বা এর বেশি হ্রাস করবে।
- **বুদ্ধিমান ভবন** – আবাসিক ও বাণিজ্যিক ভবনের জন্য সমাধান যা বিদ্যুৎ সেবার আপগ্রেড ব্যতীত বৈদ্যুতিকরণ সম্ভব করে, লিগেসি এবং সাইলোড শক্তি ব্যবস্থাকে

সংযুক্ত করে, এবং বাসিন্দাদের কাঙ্ক্ষিত আরাম বজায় রাখে এবং একই সাথে ভবনের সর্বাধিক বিদ্যুৎ চাহিদা, নিঃসরণ, এবং গ্রিডের উপর প্রভাব হ্রাস করে।

NYSERDA বিশেষভাবে এমন সমাধান আকৃষ্ট করতে চায় যা নিম্ন ও মাঝারি আয় এবং নিউ ইয়র্ক স্টেটের সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহের জন্য সরাসরি লাভজনক হবে এবং এর মধ্যে অনেকগুলি উদ্ভাবন চ্যালেঞ্জের ক্ষেত্র বহুপরিবারের ভবনের জন্য অভীষ্ট হবে। 27 সেপ্টেম্বর, 2023 ইস্টার্ন টাইম বিকাল 3:00টা পর্যন্ত আবেদনপত্র গ্রহ করা হবে। যোগ্য প্রযুক্তির একটি পূর্ণাঙ্গ তালিকাসহ আরো তথ্যের জন্য, এবং এই অর্থায়নের সুযোগের জন্য আবেদন করার জন্য অনুগ্রহ করে NYSERDA ওয়েবসাইট ভিজিট করুন। আগ্রহী কোম্পানিগুলির জন্য NYSERDA দুইটি ওয়েবিনার আয়োজন করবে, যা হলো:

- 15 আগস্ট, 2023, দুপুর 1:00টায় তথ্যমূলক ওয়েবিনার।
- 22 আগস্ট, 2023, দুপুর 1:00টায় প্রস্তাবিত সাবমিশন কর্মশালা।

কলাম্বিয়া ইউনিভার্সিটির (Columbia University) যন্ত্র প্রকৌশলের অধ্যাপক বিজয় মোদি বলেন, "বুদ্ধিমান ভবন প্রদান করার প্রতিশ্রুতি এখন চলে এসেছে।ভবনের আরাম উন্নত করে এবং একইসাথে ভবনের ডিকার্বোনাইজেশনকে প্রণোদিত করে এবং উদীয়মান নবায়নযোগ্য-আধিপত্যের গ্রিডের প্রয়োজনকে সমর্থন করা প্রযুক্তি এখন আমাদের হাতে রয়েছে।নেক্সটজেন ভবন উদ্ভাবন চ্যালেঞ্জ হলো সেই ভিশনকে বাস্তবে পরিণত করার সময়োপযোগী সুযোগ।"

বিল্ডিংস এনার্জি এক্সচেঞ্জের (Building Energy Exchange) নির্বাহী পরিচালক রিচার্ড ইয়ান্সি বলেন, "NYSERDA এর জলবায়ু নেতৃত্বের অধীনে, নেক্সট জেনারেশন ভবন উদ্ভাবন চ্যালেঞ্জ বাণিজ্যিকভাবে কার্যকর প্রযুক্তির একটি নতুন ঢেউকে সমর্থন করবে যা শক্তি ব্যবহার, কার্বন নিঃসরণ, ও ব্যয় হ্রাস করবে এবং সেই সাথে স্টেটজুড়ে সকল নিউ ইয়র্কবাসীর জন্য আরাম উন্নত করবে। আমাদের স্টেটের একটি উচ্চাকাঙ্ক্ষী জলবায়ু আইন রয়েছে, তাই নিউ ইয়র্কের ভবন শিল্পখাতের এমন ব্যয় কার্যকর সমাধান প্রয়োজন যা লাভজনক বৈদ্যুতিকরণকে সমর্থন করে এবং একই সাথে বৈদ্যুতিক সেবা আপগ্রেডের মতো ব্যয়বহুল ও সময়সাধ্য প্রতিবন্ধকতা হ্রাস করে।এই বছরের কর্মসূচির সম্প্রসারিত প্রাধান্য এইসব অতি ক্রমবর্ধমান গুরুত্বের প্রযুক্তির বাণিজ্যিকীকরণ সমর্থন করবে যাতে সম্পূর্ণ বৈদ্যুতিকরণের এই স্থানান্তর মসৃণ হতে পারে এবং একইসাথে গ্রিডের নির্ভরযোগ্যতা এবং ভাড়াটিয়াদের জন্য কম ব্যয় নিশ্চিত করা হবে।"

স্টেট শক্তি কর্মকর্তাদের জাতীয় অ্যাসোসিয়েশনের (National Association of State Energy Officials, NASEO) প্রেসিডেন্ট ডেভিড টেরি বলেন, "NASEO আনন্দিত যে NYSERDA নেক্সট জেনারেশন ভবন উদ্ভাবন চ্যালেঞ্জের একটি নতুন রাউন্ড খুলতে যাচ্ছে যা ভবনের শক্তি পারফর্ম্যান্স উন্নত করতে উদ্ভাবনী প্রযুক্তির অতি প্রয়োজনীয় বিকাশ ও বাণিজ্যিকীকরণকে অগ্রসর করবে। নেক্সটজেন ভবন কর্মসূচি হলো স্টেটের শক্তি, অর্থনৈতিক, এবং পরিবেশ সংক্রান্ত লক্ষ্য অর্জন এবং একই সাথে দেশ ও বিশ্বের উপকারের জন্য উদ্ভাবন

ত্বরান্বিত করা এবং ব্যবসা সুযোগ অগ্রসর করার ব্যাপারে স্টেটের নেতৃত্ব গ্রহণের একটি মুখ্য উদাহরণ।”

এই কর্মসূচির পূর্বের ছয়টি রাউন্ডের মাধ্যমে 64টি প্রকল্পকে মোট প্রায় 45 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে। এইসব সমাধান অগ্রসর করার কোম্পানিগুলির ব্যাপ্তি স্টার্টআপ থেকে শুরু করে বড় প্রতিষ্ঠিত কোম্পানি পর্যন্ত যারা নিউ ইয়র্ক স্টেটে ভবন ডিকার্বোনাইজেশনের প্রতিবন্ধকতা হয়ে থাকা প্রযুক্তির ঘাটতি পূরণ করতে নিয়োজিত আছে। এই অর্থায়ন সুযোগের মাধ্যমে বিকাশ করা ও প্রদর্শিত উদ্ভাবনী সমাধান নিউ ইয়র্কের ভোক্তাদের শক্তি ব্যবহার এবং খরচ হ্রাস করবে, এবং একই সাথে স্টেটব্যাপী বার্ষিক নিঃসরণের এক তৃতীয়াংশের বেশির জন্য দায়ী ভবনগুলির জন্য আরো শক্তি দক্ষ, লোড ফ্লেক্সিবল, স্বাস্থ্যকর এবং স্থিতিস্থাপক হওয়া সম্ভব করবে।

শক্তি দক্ষতা এবং বৈদ্যুতিকরণ আপগ্রেড সমন্বিত করা হলো নিয়মিত বিনিয়োগের একটি অংশ যা কার্বন দূষণ হ্রাস করবে এবং অপেক্ষাকৃত কম খরচে আরো টেকসই, স্বাস্থ্যকর, এবং আরামদায়ক ভবন অর্জন করতে সাহায্য করবে। এর পূর্বে এই মাসে, জনসেবা কমিশন (Public Service Commission, PSC) একটি আদেশ জারি করে যেখানে NYSERDA এবং ইউটিলিটি শক্তি দক্ষতা এবং ভবন বৈদ্যুতিকরণ (Energy Efficiency and Building Electrification, EE/BE) কর্মসূচিসমূহের জন্য 2026 থেকে 2030 সাল পর্যন্ত প্রতি বছর 1 বিলিয়ন মার্কিন ডলার করে মোট 5 বিলিয়ন মার্কিন ডলারের অনুমোদন দেওয়া হয়েছে, এবং নিম্ন ও মাঝারি আয়ের (Low and Moderate Income, LMI) কর্মসূচিসমূহ এবং একই সাথে বাজার বিকাশের পোর্টফোলিও উভয়ের জন্য একটি কৌশলী ফ্রেমওয়ার্ক গ্রহণ করা হবে। বর্তমানে NYSERDA এবং ইউটিলিটি কর্মসূচিসমূহের মাধ্যমে পুরো স্টেটে ভবন আপগ্রেড ও আধুনিকায়নে 6.8 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করা হচ্ছে। কর্মদক্ষতা এবং ওয়েদারাইজেশনের মাধ্যমে শক্তি ব্যবহার হ্রাস করা এবং হিটিং ও গরম পানির ব্যবস্থাকে পরিচ্ছন্নতর বিকল্পে আপগ্রেড করার মাধ্যমে, স্টেট ক্ষতিকর নিঃসরণ হ্রাস করবে এবং 2025 সালের মধ্যে 185 TBtu, অর্থাৎ 1.8 মিলিয়ন বাসার বিদ্যুতের সমতুল, শক্তি ব্যবহার হ্রাস করার উচ্চাকাঙ্ক্ষী লক্ষ্য অর্জন করবে, এবং একই সাথে অনসাইট স্টোরেজের নবায়নযোগ্য, এবং বৈদ্যুতিক যানবাহন চার্জিং সরঞ্জামের মাধ্যমে কার্বন দূষণ আরো হ্রাস করবে।

অর্থনীতিব্যাপী কার্বন নিরপেক্ষতার স্টেট লক্ষ্য অর্জন করার জন্য প্রয়োজনীয় নিম্ন নিঃসরণ এবং কার্বন সিকোয়েস্টারিং প্রযুক্তি ত্বরান্বিত করছে এমন উদ্ভাবকদের সমর্থন করার জন্য গবেষণা, বিকাশ ও বাণিজ্যিকীকরণে নিউ ইয়র্ক স্টেট যে বিনিয়োগ করছে তার ভিত্তিতে এই ঘোষণাটি সম্ভব হয়েছে। NYSERDA এর উদ্ভাবন কর্মসূচিটি অনুদান ও র‍্যাপঅ্যারাউন্ড বাণিজ্যিকীকরণ সমর্থনের মাধ্যমে সরাসরি বিনিয়োগ হিসেবে 10 বছরের বেশি সময় ধরে 800 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করছে। 680 মিলিয়ন ডলারেরও বেশি বেসরকারি বিনিয়োগ এবং 200 মিলিয়ন ডলারেরও বেশি প্রকল্পের আর্থিক মূলধন সক্রিয় করা হয়েছে, এবং NYSERDA-এর প্রযুক্তি এবং ব্যবসায়িক উন্নয়ন বিনিয়োগের ফলস্বরূপ 450টিরও বেশি উদ্ভাবনী নির্মল বিদ্যুৎ পণ্য বাণিজ্যিকীকরণ করা হয়েছে, যার মধ্যে রয়েছে LED লাইটিং সিস্টেম, গৃহস্থালী সরঞ্জাম, আরো দীর্ঘস্থায়ী ব্যাটারি, এবং আরো দক্ষ হিটিং-ও-কুলিং সিস্টেম।

এই উদ্যোগের জন্য স্টেটের 10 বছর মেয়াদী 6 বিলিয়ন ডলারের নির্মল বিদ্যুৎ তহবিলের (Clean Energy Fund) মাধ্যমে অর্থায়ন করা হয়েছে। এই তহবিল সম্পর্কে আরো তথ্য NYSERDA-এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের দেশ-নেতৃস্থানীয় জলবায়ুর এজেন্ডা একটি সুশৃঙ্খল এবং ন্যায্য পরিবর্তন করার আহ্বান জানায় যা পরিবারকে টিকিয়ে রাখার কর্মসংস্থা তৈরি করে, সকল সেক্টরে একটি গ্রিন ইকোনমি গড়ে তোলাকে অব্যাহত রাখে এবং নিশ্চিত করে যে 40 শতাংশের লক্ষ্য রেখে কমপক্ষে 35 শতাংশের পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের সুবিধাগুলো সুবিধাবঞ্চিত কমিউনিটির দিকে পরিচালিত হয়। দেশের সবচেয়ে আগ্রাসী জলবায়ু ও নির্মল জ্বালানি উদ্যোগগুলোর দিকনির্দেশনায়, নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে শূন্য-নির্গমনসম্পন্ন বিদ্যুৎ খাত অর্জনের পথে রয়েছে, যার মধ্যে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং শতাব্দীর মাঝামাঝি সময়ের মধ্যে অর্থনীতিজুড়ে কার্বন নিরপেক্ষতা অর্জন করা অন্তর্ভুক্ত রয়েছে। এই পরিবর্তনের একটি ভিত্তি হলো নিউ ইয়র্কের অভূতপূর্ব নির্মল জ্বালানি বিনিয়োগ, যার মধ্যে রয়েছে স্টেট জুড়ে 120টি বড়-মাত্রার নবায়নযোগ্য ও বিতরণের প্রকল্পে 35 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, বিল্ডিং থেকে নির্গমন হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন মার্কিন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 3.3 বিলিয়ন মার্কিন ডলার, নির্মল পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, এবং NY গ্রীন ব্যাংক-এর প্রতিশ্রুতিতে 2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ। এগুলো ও অন্যান্য বিনিয়োগ 2021 সালে নিউ ইয়র্কের নির্মল জ্বালানি খাতে 165,000 এরও বেশি চাকরি, এবং 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 3,000 শতাংশের বেশি প্রবৃদ্ধিতে সহায়তা করছে। এছাড়া, গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো এবং বায়ুর মান উন্নত করার জন্য, নিউ ইয়র্ক শূন্য-নির্গমনসম্পন্ন যানবাহন সম্পর্কিত বিধিমালা গ্রহণ করেছে, যার মধ্যে 2035 সালের মধ্যে স্টেটে বিক্রি হওয়া সব যাত্রীবাহী গাড়ি ও ট্রাক শূন্য-নির্গমনসম্পন্ন হওয়া আবশ্যক হওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। অংশীদারিত্বগুলো বায়ু দূষণকে টার্গেট করতে এবং জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে সাহায্য করার জন্য স্টেটজুড়ে প্রায় 400টি নিবন্ধিত ও 100টি সার্টিফাইড ক্লাইমেট স্মার্ট কমিউনিটি, প্রায় 500টি ক্লিন এনার্জি কমিউনিটি, এবং 10টি সুবিধাবঞ্চিত কমিউনিটিতে স্টেটের বৃহত্তম কমিউনিটি এয়ার মনিটরিং ইনিশিয়েটিভের মাধ্যমে নিউ ইয়র্কের জলবায়ু পদক্ষেপকে এগিয়ে নিয়ে যাচ্ছে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন